ঠাকুরগাঁওয়ে মাহমুদুর রহমানের

বিরুদ্ধে মিথ্যা মামলার

প্রতিবাদে মানববন্ধন

শামসুল আলম, ঠাকুরগাঁও:: দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক ও
প্রকাশক মাহমুদুর রহমানের বিরুদ্ধে মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোস্তফা কামালের মিথ্যা মামলার প্রতিবাদে ঠাকুরগাঁওয়ে মানববন্ধন করেছেন সাংবাদিক,পাঠক ও বিভিন্ন শ্রেণীর পেশার মানুষজন।

শনিবার (২৬ এপ্রিল) সকাল ১১ টায় ঠাকুরগাঁওয়ের চৌরাস্তা সমবায় মার্কেটের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করেন জেলার সাংবাদিকরা ও সুধিজনেরা।

এ সময় ঠাকুরগাঁও পাঠক মেলার আয়োজনে পাঠক মেলার সভাপতি ওবায়দুল্লাহ মাসুদের সভাপতিত্বে মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন ইমাম সমিতির সভাপতি ক্বারি হাফিজ রশিদ,প্রেসক্লাব সভাপতি মোঃ লুৎফর রহমান মিঠু, সাধরণ সম্পাদক ফিরোজ আমীন সরকার,আমার দেশ ঠাকুরগাঁও প্রতিনিধি ফজলে ইমাম বুলবুল, বালিয়াডাঙ্গী প্রতিনিধি মোঃ রমজান আলীসহ সাংবাদিক ও বিভিন্ন পেশাজীবী ও রাজনৈতিক দলের নেতারা।

মানববন্ধনে বক্তারা সত্য প্রকাশে বাধা সৃষ্টির প্রতিবাদ করে অবিলম্বে মামলা প্রত্যাহার, মেঘনা গ্রুপের সকল পণ্য বয়কট এবং মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোস্তফা কামালের দুর্নীতির বিরুদ্ধে সরকারকে ব্যবস্থা গ্রহণের দাবি জানান।